পেরুতে পর্যটকবাহী বিমান বিধ্বস্ত নিহত ১৩



ছবি: সংগৃহীত

পেরুর ঐতিহাসিক নাজকা লাইন পরিদর্শনে যাওয়া একটি পর্যটকবাহী ছোট বিমান বিধ্বস্ত হয়ে ১৩ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে ১১ জন যাত্রী এবং দুইজন পাইলট রয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ ও সংবাদমাধ্যমের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে বিবিসি।

শনিবার (১ আগস্ট) স্থানীয় সময় ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য নাজকা লাইন প্রদর্শনের উদ্দেশ্যে বিমানটি পিসকো বিমানবন্দর থেকে উড্ডয়ন করে। উড্ডয়নের কিছুক্ষণ পরই পুয়েবলো ভিয়েহো এলাকায় সেসনা ক্যারাভান সি-২০৮ মডেলের বিমানটি বিধ্বস্ত হয়ে আগুন ধরে যায়। দুর্ঘটনার কারণ এখনও নিশ্চিত হওয়া যায়নি।

কর্তৃপক্ষ জানায়, নিহত যাত্রীদের মধ্যে দুইজন জার্মান, দুইজন স্প্যানিশ এবং সাতজন ইতালীয় নাগরিক ছিলেন। পুলিশ জানিয়েছে, দুর্ঘটনাটি এতটাই ভয়াবহ ছিল যে কাউকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়নি।

নাসকা প্রাদেশিক পৌর কর্তৃপক্ষ এক বিবৃতিতে নিহতদের পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছে।

দক্ষিণ পেরুর মরুভূমিতে অবস্থিত নাজকা লাইন ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থান। বিশালাকৃতির রহস্যময় ভূ-নকশাগুলো আকাশ থেকে সবচেয়ে ভালো দেখা যায়, তাই পর্যটকদের জন্য ছোট বিমানে আকাশ ভ্রমণ জনপ্রিয়।

উল্লেখ্য, এর আগেও ২০২২ ও ২০১০ সালে একই এলাকায় পৃথক দুইটি পর্যটকবাহী বিমান দুর্ঘটনায় প্রাণহানির ঘটনা ঘটেছিল।